

৩। যা ছিল মোর উপকরণ, বাদী হয়ে ঘরের ছয় জন,
করল অবদান ।

এখন করে শুদ্ধ এ নৈবদ্য, কে করিবে সুবিধান ॥

৪। এমন-সাধের দেহক্ষেত্র, কর্মদোষে অপবিত্র,
প্রেতের অধিষ্ঠান ।

অধম রসিক বলে পতিত ব'লে হও গুরু কৃপাবান ॥

---রসিক বালা



৭৬ নং

তাল--একতালা

এ সংসারে কেউ কারুর নয়, ভেবে দেখ মন সব ফাঁকি ।
হরি নাম কর সার, নাম বিনে আর, অন্তকালের পস্থা কি ॥

১। পেয়ে রত্নসিংহাসন, করি উপবেশন, চতুর হয়ে মন
ভাবছ কি ?

যেদিন রবিসুত কিঙ্করে, বেঁধে নিবে করে করে,
সে দিনের ব্যবস্থা কি ॥

২। বহুবিধ শাস্ত্র দেখে, বুঝাও অপর লোকে,
আপন বোঝার মন বুঝিলে কি ।

তুই আপন সারা না সারিলি, পরের কাঁদা কেঁদে গেলি,
খেয়ালি তোর দুই আঁখি ॥